প্রথম আলো

তারিখ ·15 DEC 2017
পৃষ্ঠা ১৬ কলাম ২

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ

# জাতীয় মেধাতালিকা ৯০ দিনের মধ্যে

নিজস্ব প্রতিবেদক ●

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের জন্য নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের নিয়ে ৯০ দিনের মধ্যে একটি জাতীয় মেধাতালিকা করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল বৃহস্পতিবার কয়েক দফা নির্দেশনাসহ এ রায় দেন। রায়ে বলা হয়, নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদের সনদের কোনো মেয়াদকাল থাকবে না।

আদালতে রিট আবেদনকারীদের পক্ষে শুনানিতে ছিলেন আইনজীবী এম আমীর-উল ইসলাম, এ বি এম আলতাফ হোসেন, হুমায়ুন কবির, সাহাবুদ্দীন খান লার্জ প্রমুখ। শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) পক্ষে শুনানিতে ছিলেন আইনজীবী কাজী মাঈনুল হাসান। রাষ্ট্রপক্ষে শুনানি করেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল তাপস কুমার বিশ্বাস।

আইনজীবী সূত্রগুলো বলেছে, নিবন্ধন সনদধারী রাজশাহীর আরিফুল ইসলামসহ ১১২ জন নিবন্ধন সনদের মেয়াদ তিন বছর এবং জেলা ও উপজেলাভিত্তিক মেধাতালিকা পদ্ধতির বৈধতা চ্যালেঞ্জ করে চলতি বছর রিট করেন। প্রাথমিক শুনানি নিয়ে হাইকোর্ট রুল দেন। পরে কয়েক হাজার ব্যক্তি পৃথক রিট করলে রুল হয়। বিভিন্ন জেলার ব্যক্তিদের করা পৃথক ১৬৬টি রিট আবেদনের ওপর একসঙ্গে শুনানি হয়। গতকাল আবেদনগুলো নিষ্পত্তি করে রায় দেওয়া হয়।

রায়ে সাত দফা নির্দেশনা দেওয়া হয়েছে জানিয়ে রিট আবেদনকারীদের অন্যতম আইনজীবী হুমায়ুন কবির *প্রথম আলো*কে বলেন, রায়ে বলা হয়েছে, নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তিদের সনদের কোনো মেয়াদকাল থাকবে না, এর মেয়াদকাল হবে নিয়োগ না হওয়া পর্যন্ত। আগে এটি তিন বছর ছিল। রায়ের কপি পাওয়ার পর থেকে ৯০ দিনের মধ্যে উত্তীর্ণদের নিয়ে একটি জাতীয় মেধাতালিকা করতে বলা হয়েছে। এ তালিকা দৃশ্যমান হতে হবে, এনটিআরসিএর ওয়েবসাইটে তা প্রকাশ করতে হবে।

এনটিআরসিএর আইনজীবী কাজী মাঈনুল হাসান *প্রথম আলো*কে বলেন, রায়ে বলা হয়েছে একটি জাতীয় মেধাতালিকা করতে হবে। জেলা ও উপজেলা মেধাতালিকার বিধান বাতিল করা হয়েছে।